**2025/FYUG/ODD/SEM/**
**BNGDSC–303T/031**

**FYUG Odd Semester Exam., 2025**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGDSC–303T

**( ভাষাবিজ্ঞান )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো এবং ওই সময়ের প্রাচীনতম নিদর্শন কোনটি, লেখো।

(খ) মধ্যভারতীয় আর্যভাষার সংক্ষিপ্ত ইংরেজি পরিভাষা কী? মধ্যভারতীয় আর্যভাষায় কয়টি স্তর রয়েছে?

(গ) মাগধী প্রাকৃতের পূর্বী ও পশ্চিমা শাখা থেকে কয়টি নব্য ভারতীয় আর্যভাষার জন্ম হয়েছে? মাগধী প্রাকৃতজাত যে কোনো একটি নব্য ভারতীয় আর্যভাষার নাম লেখো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উদাহরণসহ প্রাচীন ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো।

(খ) নব্য ভারতীয় আর্যভাষাগুলির সাধারণ বৈশিষ্ট্যের পরিচয় দাও।

## UNIT—II

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বাংলা ভাষার হাজার বছরের বিবর্তনের ইতিহাসকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে? স্তরগুলোর নাম লেখো।

(খ) "কাআ তরুবর পঞ্চ বি ডাল"—এটি কোন্ স্তরের বাংলা ভাষার নিদর্শন? এই স্তরের বাংলা ভাষার প্রামাণ্য নিদর্শনটির নাম কী?

(গ) অন্ত্য-মধ্য বাংলার দুটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) অন্ত্য-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।

## UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) যে কোনো দুটি উপভাষার নাম উল্লেখ করো।

(খ) দেশি > দিশি—স্বরসঙ্গতিঘটিত এই পরিবর্তনটি কোন্ উপভাষার অন্যতম বৈশিষ্ট্য?

(গ) শব্দার্থ পরিবর্তনের দুটি সূক্ষ্ম কারণ উল্লেখ করো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উদাহরণ সহযোগে 'বঙ্গালী' অথবা 'কামরূপী' উপভাষার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি ধারার পরিচয় দাও।

## UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) আদিস্বরলোপ ও অন্ত্যস্বরলোপের একটি করে উদাহরণ দাও।

(খ) বাক্য > বাইক্ক—এ ধরনের স্বরধ্বনির স্থানান্তরকে কী বলা হয়ে থাকে? সমাক্ষরলোপের একটি উদাহরণ দাও।

(গ) ঐতিহ্যগত ব্যাকরণে বাক্যকে প্রথমে কয়টি ভাগে ভাগ করা হয়? সেগুলি কী কী?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

(খ) বাক্যতত্ত্ব সম্বন্ধে যা জান তা নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

## UNIT—V

৯। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) নামপদ কী? সমষ্টিবাচক বিশেষ্যের একটি উদাহরণ দাও।

(খ) পুরুষভেদে সর্বনামকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়? ধাতুর সঙ্গে কী যুক্ত হলে ক্রিয়াপদের সৃষ্টি হয়?

(গ) পদান্তর করো (যে কোনো **দুটি**) :

সুন্দর ; উদার ; নগর ; সাহিত্য

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) সর্বনামপদ কাকে বলে? উদাহরণসহ যে কোনো চার প্রকার সর্বনামের পরিচয় দাও।

(খ) উদাহরণ সহযোগে সমাপিকা ক্রিয়া ও অসমাপিকা ক্রিয়ার পরিচয় দাও।

★ ★ ★